দৈনিক ইত্তেফাক

তারিখ 12 JUL ~~2010~~ 1996
পৃষ্ঠা ১ কলাম ২

# চট্টগ্রাম অঞ্চলে ৪টি স্কুলের বিশেষ সাফল্য

চট্টগ্রাম ভার্সিটি সংবাদদাতা ।। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম-এর প্রতিষ্ঠার পর এই প্রথম এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বৃহত্তর চট্টগ্রামের ৫টি জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এই বোর্ডের

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বিশেষ সাফল্য

(১ম পৃঃ পর)

অধীনে রহিয়াছে। অন্যান্য শিক্ষা বোর্ডের সহিত চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ঘোষিত এস, এস, সি পরীক্ষার ফলাফল মোটামুটি সামঞ্জস্যপূর্ণ। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ঘোষিত ফলাফলে দেখা যায় সম্মিলিত মেধা তালিকায় ৪টি শিক্ষা প্রতিষ্ঠান অধিকাংশ স্থান দখল করিয়াছে। সম্মিলিত মেধা তালিকায় ২০ জনের মধ্যে ফৌজদারহাট ক্যাডেট কলেজের ছাত্ররা ৮টি স্থান দখল করিয়াছে। চট্টগ্রাম কলেজিয়েটের পরীক্ষার্থীরা ৭টি স্থান পায়। ইস্পাহানী পাবলিক স্কুলের পরীক্ষার্থীরা ৬টি স্থান, চিটাগাং গভঃ স্কুলের ছাত্ররা ৩টি স্থান পায়। ইহা ছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজ ও স্কুল, মুসলিম হাই স্কুল, বাংলাদেশ মহিলা সমিতি স্কুল, টি, এস, পি হাই স্কুল একটি করিয়া স্থান দখল করে।